

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.০০.০০১৪.২৬.৩৮

তারিখ: ১৫-০৩-২০২৬ খ্রিঃ।


বিষয়: ফ্যাশন পালস লি: নামক কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাইগভের আবেদন নং-২৪৭, তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফ্যাশন পালস লি:, অফিসঃ প্লট-১৬ (পুরাতন-১০১), ব্লক-ডি, টঞ্জী শিল্প এলাকা, টঞ্জী, গাজীপুর ও কারখানাঃ প্লট-এ-১০৯, বিসিক শিল্প নগরী, টঞ্জী, গাজীপুর নামক কারখানাটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন নম্বর- আরএমজি/ইএক্সপি ০০০১০৭৬-২২, তারিখ: ২২-১২-২০২২ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ "তৈরী পোশাক (নীট ও ওভেন)"। কারখানাটির অনুকূলে জারীকৃত শিল্প আই আর সি নম্বর- ২৬০৩২৬১২০৪২২৭২৪, তারিখ: ১২-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ। কারখানা কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে পারেনি। কারখানা কর্তৃপক্ষ ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের জন্য বস্ত্র অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার আলোকে কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা অপরিবর্তিত রেখে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে কারখানাটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর সকল বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লিখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ফ্যাশন পালস লি: নামক কারখানাটির অনুকূলে কাঁচামাল আমদানির জন্য ষান্মাসিক আমদানি স্বত্ব ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা অপরিবর্তিত রেখে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রদান করা হল। শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



মোহাম্মদ আলম রেজা  
উপ পরিচালক (উন্নয়ন)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের  
দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি  
টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-  
১০০০।

স্মারক নম্বর:

২৪.০২.০০০০.০০০.০০০.০০.০০১৪.২৬.৩৮  
(৫)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩২  
১৫ মার্চ ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আমদানি ও রপ্তানি প্রধান  
নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন  
(এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।
- (২) এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর,  
ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৩) ফ্যাশন পালস লি., অফিসঃ প্লট-১৬  
(পুরাতন-১০১), ব্লক-ডি, টঞ্জী শিল্প এলাকা,  
টঞ্জী, গাজীপুর ও কারখানাঃ প্লট-এ-১০৯,  
বিসিক শিল্প নগরী, টঞ্জী, গাজীপুর।
- (৪) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট,  
ঢাকা (উত্তর), প্লট নং-২, গরীব-ই- নেওয়াজ  
এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
- (৫) সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস  
অধিদপ্তর, ঢাকা।



মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক (উন্নয়ন)